গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী নম্বর-১৪৪

**আন্তর্জাতিক নারী নির্যাতন প্রতিরোধ পক্ষ উপলক্ষে রাজশাহীতে পথসভা**

রাজশাহী; ১০ অগ্রহায়ণ (২৫ নভেম্বর):

জেলা প্রশাসন ও মহিলা বিষয়ক অধিদপ্তরের যৌথ উদ্যোগে 'আন্তর্জাতিক নারী নির্যাতন প্রতিরোধ পক্ষ ২০২৫' উদযাপন উপলক্ষে আজ মঙ্গলবার (২৫ নভেম্বর) সকালে রাজশাহী জেলা প্রশাসক কার্যালয়ের শহিদ মিনার চত্বরে এক পথসভা অনুষ্ঠিত হয়। 'নারী ও কন্যার প্রতি সহিংসতা বন্ধে ঐক্যবদ্ধ হই, ডিজিটাল নিরাপত্তা নিশ্চিত করি'– প্রতিপাদ্যকে সামনে রেখে পথসভার মাধ্যমে আগামী ১০ ডিসেম্বর পর্যন্ত ১৫ দিনব্যাপী আন্তর্জাতিক নারী নির্যাতন পক্ষের উদ্বোধন করেন রাজশাহী জেলা প্রশাসক আফিয়া আখতার।

উদ্বোধনকালে জেলা প্রশাসক বলেন, আজকের এই অনুষ্ঠানে যে নারীরা উপস্থিত আছেন তাদের কেউ কেউ কমবেশি নারী নির্যাতনের শিকার হয়েছেন। আমরা নারীরা কী কারণে নির্যাতিত হচ্ছি তা আমাদের আগে বুঝতে হবে। নির্যাতনের কারণ চিহ্নিত করতে পারলে তা নির্মূল করা সহজ হবে।

তিনি বলেন, আমরা চাই না আমাদের কোনো বোন, মা, ভাই, স্ত্রী নির্যাতনের শিকার হোক। আমি ভাইদেরও বললাম, কেউ নির্যাতনের শিকার হোক সেটা আমরা চাই না। নারী নির্যাতন প্রতিরোধ পক্ষের এটাই শ্লোগান হওয়া উচিত– আমরা সকলেই নির্যাতনের বিপক্ষে এবং যারা নির্যাতিত হয়েছে তাদের পক্ষে।

পথসভায় মহিলা বিষয়ক অধিদপ্তরের উপপরিচালক শবনম শিরিনসহ সরকারি-বেসরকারি দপ্তরের কর্মকর্তা-কর্মচারী, সামাজিক-সাংস্কৃতিক ও স্বেচ্ছাসেবী সংগঠনের নেতৃবৃন্দ এবং গণমাধ্যমকর্মীরা উপস্থিত ছিলেন।

............................................................

রুহুল/তৌহিদ/আতিক/স্মিতা/হালিম/২০২৫/১৩:১০ ঘ.

টেলিফোন : সংবাদকক্ষ : ঢাকা - ৯৫১২২৪৬, ৯৫১৪৯৮৮; চট্টগ্রাম - ০৩১-২৫২১৩৬১; খুলনা - ০৪১-৭২০৭৪৯; রাজশাহী -০২৫৮৮৮৫১৩৩৯
ফ্যাক্স : ঢাকা-৯৫৪০৯৪২, ৯৫৪০০২৬, ৯৫৪০৫৫৩; চট্টগ্রাম - ৭১০১০২; খুলনা - ৭২০৮৫৩; রাজশাহী - ৭৭২৩৩৯
ই-মেইল : piddhaka@gmail.com, piddhaka@yahoo.com; ওয়েবসাইট : www.pressinform.gov.bd